

জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূতি পালন উপলক্ষ্যে ২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা-২০২৫
বাস্তবায়ন উপলক্ষ্যে উপজেলা কমিটি সভার কার্যবিবরণী:


সভাপতি : মো: শাহরুখ খান, উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
তারিখ ও সময় : ১৫ জুলাই-২০২৫ খ্রিস্টাব্দ, বিকাল ২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা সম্মেলন কক্ষ, দুপচাঁচিয়া, বগুড়া।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর : পরিশিষ্ট- ক মোতাবেক।

জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূতি পালন উপলক্ষ্যে '২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন' প্রতিযোগিতা-২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন সম্মানীয় উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: শাহরুখ খান। সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানিত সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি সাহেবের অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব জনাব মো: জাকির হোসেন, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ, ঢাকা তারিখ ১০ জুলাই-২০২৫ খ্রিস্টাব্দের স্মারক নম্বর ৩৭.০০.০০০.০৬২. ২৩. ০০১. ২২-২২৮; এবং স্মারক নম্বর ৩৭.০০.০০০.০৬২. ২৩. ০০১.২২-২২৫ সভায় পাঠ করে শুনান। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তবালি গৃহিত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতার আয়োজন	শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের নির্বাচন করে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার অংশ গ্রহণের লক্ষ্যে আগামি ১৬/০৭/২০২৫খ্রি. মধ্যে প্রতিযোগীদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রতিষ্ঠান প্রধান ও ইউএসইও
উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার দিনক্ষণ ও ভেন্যু নির্ধারণ	আগামি ১৭/০৭/২০২৫খ্রিস্টাব্দ সকাল ১০.০০ ঘটিকায় দুপচাঁচিয়া সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে ২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিষ্ঠান প্রধানগণ যথাসময়ে প্রতিযোগিতার উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট উপ-কমিটি
উপকরণ সরবরাহ	গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী/ শিক্ষা প্রতিষ্ঠান সকল সরঞ্জামাদি সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রতিষ্ঠান প্রধান ও প্রতিযোগি
বিভাগ/গ্রুপ	ক বিভাগ: ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থী (স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা) এবং খ বিভাগ : ১১শ ও ১২শ শ্রেণির (স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা) দু'টি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উভয় গ্রুপের প্রতিযোগীদের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে (বাজেট প্রাপ্তি সাপেক্ষে) নির্ধারিত হারে আর্থিক পুরস্কার প্রদান করা হবে।	সংশ্লিষ্ট সকল
উপ-কমিটি	২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিবর্গে সমন্বয়ে সর্বসম্মতিক্রমে উপ-কমিটি গঠন করা হলো: ১. জনাব, শাহ মো: মাহামুদুন নবী, উপজেলা একাডেমিক সুপারভাইজার আহবায়ক ২. জনাব, খালেদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সদস্য ৩. জনাব, সাদ্দাম হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি সদস্য উপ-কমিটি ১৭/০৭/২০২৫খ্রিস্টাব্দ বেলা ২.০০ ঘটিকার মধ্যে মূল্যায়ন কর্ম সমাপ্ত করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে ফলাফল জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-কমিটির সদস্যবৃন্দ

সভায় অন্যকোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল-কে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: শাহরুখ খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।